আশুগঞ্জ সারকারখানা কলেজ
এইচ,এস,সি মুল্যায়ন পরীক্ষা ২০২১(মানবিক শাখা)
বিষয়-ইসলাম শিক্ষা-২য় পত্র
সৃজনশীল প্রশ্ন

সময়ঃ-২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান-৭০

১) পবিত্র কুরআনে পূর্ববর্তী জাতিদের নানা ইতিহাস বর্ণনা করা হয়েছে। এতে এমন একটি জাতির কথা বলা হয়েছে যারা অসংখ্য নবীর সান্নিধ্য লাভ করলেও বার বার কুফরি করেছে। তারা অনেক নিয়ামত লাভ করলেও তার শোকরিয়া আদায় করেনি। বিশেষত একজন নবীর কিছুদিনের অনুপস্থিতির সুযোগে তারা গ্োবৎস পুজা শুরু করেছিল।
ক. মান্না ও ছালওয়া কি ? ১
খ. ذَلِكَ الْكِتَابُ ال رَيْبَ فِيهِ هُدًى قِينَ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন নবীর দিকে ইঙ্গিত করা হয়েছে ? সংলিষ্ট ঘটনার বর্ননা দাও। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জাতির অনুসরণে মানবজীবনে কীরূপ প্রভাব পড়বে? বিশ্লেষণ কর। ৪

২) আতিক ও আরিফ দুই বন্ধু। কলেজ শেষে বাড়ি ফেরার পথে আতিক একটি ভাঙ্গা কাচ রাস্তার উপর পড়ে থাকতে দেখে তা তুলে ডাস্টবিনে রেখে দিল। অতঃপর সে তার কাছে থাকা ৫,০০০ (পাঁচ হাজার) টাকা আরিফের নিকট জমা রাখল। কিছুদিন পর এক জরুরি প্রয়োজনে আতিকের সাথে আলাপ আলাচেনা ছাড়া টাকাগুলো আরিফ খরচ করে ফেলল। পরবর্তীতে আতিক টাকা ফেরত চাইলে আরিফ নানা কৌশলে তা এড়িয়ে চলল।

ক. আরবি ঃখলীলচ শব্দের অর্থ কী? । ১
খ. ঃأُولَئِكَ عَلَى هُدًى مِنْ رَبِّهِمْ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَচ আয়াতের ব্যাখ্যা কর। ২
গ. আতিকের কর্মকাণ্ডে হাদিসে বর্ণিত কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত আরিফের কার্যক্রম চিহ্নিতপূর্বক সমাজে এর প্রভাব বর্ণনা কর। ৪

৩) শাহিদা একজন ধর্মপরায়ণ মহিলা। একদিন তিনি এমন একটি ইবাদত করেন যা তাকে প্রবৃত্তির তাড়না থেকে রক্ষা করতে সহায়ক ভূমিকা পালন করে। হাদিসে যার পুরস্কার স্বয়ং আল্লাহ তায়ালা নিজ হাতে দিবেন বলে ঘোষণা দেয়া হয়েছে।
পক্ষান্তরে রফিক সাহেব একজন ধনাঢ্য ব্যবসায়ী। দেশ্ববিদেশে প্রতিনিয়ত ভ্রমণ করলেও একটি দেশে গিয়ে সুনির্দিষ্ট ফরয ইবাদত পালন করার সুযোগ তার ভাগ্যে এখনও হয়নি। তাকে ঐ ইবাদত পালনে পরামর্শ দেয়া হলে সে বলল, ঃআমি কারণে অকারণে অনেক দেশ ভ্রমণ করছি। আবার ইবাদতের জন্য দেশ ভ্রমণের দরকার কী?
ক. আরবি ঃসালাতচ শব্দের অর্থ কী? ১
খ. ঃসালাত জান্নাতের চাবিকাঠিচ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে শাহিদা কোন ইবাদত পালন করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত রফিক সাহেবের উদ্ধৃতিটি কি তুমি সমর্থন কর? । তোমার পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

৪) প্রফেসর আবিদুর রহমান তার শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন্ ইসলামের বিস্তৃতিতে নতুন নতুন সমস্যার উদ্ভব হলে এর সমাধানকল্পে ইসলামি পণ্ডিতগণ কঠোর সাধনা করে বিভিন্ন মাসয়ালা উদ্ভাবন করেন। কিন্তু নানা বিষয়ে তারা একমত হতে না পারায় কয়েকটি ধারার সৃষ্টি হয়। এদের একদল ছিলেন সিদ্ধান্ত গ্রহণে রক্ষণশীল। তারা কুরআন হাদিসের পাশাপাশি মদিনাবাসী সাহাবাদের আমলকে গুরুত্ব দিতেন।
ক. ইমাম শাফেয়ি কখন জন্মগ্রহণ করেন? ১
খ. ঃইমাম আবু হানিফা ফিকহশাস্ত্রের পথিকৃৎচ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন মাযহাবের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মুসলিম পণ্ডিতদের সাধনা ইসলামি শরিয়ায় কীরূপ প্রভাব ফেলে? বিশ্লেষণ করো। ৪

৫) ধনাঢ্য ব্যবসায়ী শামিম সাহেব গ্রামে আসলে নামাজ্কালাম পড়েন এবং দান্সাদকাহ করেন। অন্যদিকে তিনি তার ব্যবসায়ী বন্ধুদের সাথে ঢাকা শহরে থাকলে নামাজ্কালাম তো দূরের কথা আরো নানা প্রকার অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েন। তিনি তার বাল্যবন্ধু শাহেদকে বলেন, ঃসফলতা অর্জন করতে হলে আমার সাথে যোগ দাও।চ শাহেদ বলল, ঃকেবল প্রাচুর্য ও বিলাসিতায় তো সফলতা নির্ভর করে না; বরং সফলতা প্রাপ্তি কতিপয় গুণাবলি অর্জনের উপর নির্ভরশীল, যা পবিত্র কুরআনের সুরা বাকারার শুরুতে বর্ণিত আছে।চ

ক. আরবিঃকুরআনচ শব্দের অর্থ কী? ১
খ. ঃআল কুরআন একটি পূর্ণাঙ্গ জীবনবিধানচবুঝিয়ে লেখ। ২
গ. শামিমের চরিত্র পবিত্র কুরআনের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. শাহেদের বক্তব্যের সাথে কি তুমি একমত ? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪
৬) জসিম সাহেব ৫ লক্ষ টাকা ব্যাংকে জমা রেখে মারা যান। তার একমাত্র ছেলে তামিম কৌশলে উক্ত টাকা ব্যাংক থেকে উত্তোলন করে। সে মা ও একমাত্র বোন নাবিলাকে না জানিয়ে ঐ টাকা দিয়ে পবিত্র মক্কায় গিয়ে একটি ফরজ ইবাদত সম্পন্ন করে আসল। বিষয়টি জানাজানি হওয়ার পর ভাইবোনের মধ্যে মনোমালিন্য ও বাদানুবাদ সৃষ্টি হলো। তাদের মা তাদেরকে কোনো রকমে নিবৃত্ত করতে পারলেও একপর্যায়ে নাবিলা বলল, ঃআমাদের হক নষ্ট করে তুমি যে ইবাদত করেছ আল্লাহ তা কবুল করবেন না।চ
ক. মৌলিক ইবাদত কয়টি ? ১
খ. ঃজাকাত সম্পদের প্রবৃদ্ধি ঘটায়।চ বুঝিয়ে লেখ। ২
গ. শরিয়তের বিধানমতে তামিমের কাজটির হুকুম বর্ণনা কর। ৩

ঘ. নাবিলার বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭) জনাব মনির ও সুজন দু জন ব্যবসায়ী। মনির সদালাপী মানুষ। তিনি অদৃশ্যে বিশ্বাস করেন, নামায প্রতিষ্ঠা করেন ও যাকাত দেন। তিনি গভীরভাবে বিশ্বাস করেন জীবন-মৃত্যুর মালিক একমাত্র আল্লাহ তায়ালা। অপরপক্ষে সুজন ব্যবসার ক্ষেত্রে ওজনে কম দেন। দ্রব্যে ভেজাল মিশিয়ে বিক্রি করেন। এলাকার মানুষের মাঝে বিশৃঙ্খলা ও প্রতিকূল পরিবেশ সৃষ্টির জন্য লোকজনকে প্রভাবিত করেন।
ক. আরবি ‘নিফাক’ শব্দের অর্থ কী? ১
খ. ‘ইয়ামামার যুদ্ধ আল-কুরআন সংকলনকে ত্বরান্বিত করে’-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব মনিরের মধ্যে কাদের বৈশিষ্ট্য বিদ্যমান? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব সুজনের কর্মকাণ্ডের সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮) জনাব নাফিস ও শরিফ একই এলাকায় বাস করেন। নাফিস একজন সৎ ও মেধাবী গবেষক। দশ বছর বয়সের পূর্বেই তিনি আলকুরআন হিফ্য করেন। শৈশবেই তার পিতা ইন্তিকাল করেন। মায়ের স্নেহেই তিনি লালিত-পালিত হন। তিনি গুরুত্বপূর্ণ কোনো কাজ করার পূর্বে দু'রাকাত নফল নামায আদায় করেন। তিনি মায়ের সঙ্গে হজ পালন করেন এবং হিজাযে শিক্ষা লাভ করেন। অপরপক্ষে শরিফ একজন দুর্নীতিপরায়ন লোক। তিনি ইসলামি শরীয়তের উৎস হিসেবে আল-কুরআনই যথেষ্ট মনে করেন। একথা শুনে মসজিদের ইমাম সাহেব মহানবি (স.) এর বিদায় হজের ভাষণে রেখে যাওয়া শরীয়তের বিধানের কথা স্মরণ করিয়ে দেন।
ক. ইমাম মুসলিম (র.) কত হিজরিতে জন্মগ্রহণ করেন? ১
খ. হিজরি তৃতীয় শতককে হাদিস সংকলনের স্বর্ণযুগ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব নাফিসের জীবনের সাথে কোন বিখ্যাত মনীষীর জীবনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মসজিদের ইমাম সাহেব মহানবি হযরত মুহাম্মদ (স.) এর বিদায় হজের ভাষণে যে বিষয়ের প্রতি ইঙ্গিত করেছেন তা পালনের যৌক্তিকতা উল্লেখ কর। ৪

৯) জনাব কবির ও তারেক একই মহল্লার অধিবাসী। তারেক কবিরের সাথে সৎভাব বজায় রাখেন। কবির অসুস্থ হলে তাঁকে দেখতে যান। দেখা হলে সালাম দেন। তিনি মনে করেন কবির তারই দেহের একটি অংশ। অপরদিকে কবির তারেকের সাথে সৎ আচরণ করেন না বরং সুযোগ পেলেই তার ক্ষতি করার চেষ্টা করেন। একথা মুহাদ্দিস জানতে পারলে, তিনি তাদেরকে মহানবি (স.) এর নিম্মোক্ত হাদিসটি শোনান– ‘তুমি মুমিনদেরকে পারস্পরিক সহানুভূতি প্রদর্শনের দিক দিয়ে একই দেহের ন্যায় দেখতে পাবে।’
ক আরবি ‘আল-হাসাদ’ শব্দের অর্থ কী? ১
খ. ‘তোমরা ঋণ থেকে সাবধান হও। কেননা ঋণ রাতের দুশ্চিন্তা ও দিনের লাঞ্ছনার কারণ।’ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব তারেকের আচরণ কোন শিক্ষার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জনাব কবিরের আচরণের সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪
১০) জনাব জাবেদ ও মারুফ দু বন্ধু। জাবেদ কুরআন এবং হাদিসে গভীর জ্ঞান লাভ করেন এবং একাধারে ৫০ বছর অধ্যাপনা করেন। ক্ষমতাসীনদের এর বিরুদ্ধে ফতোয়া দেওয়ার কারণে তাঁকে ৭০টি বেত্রাঘাত করা হয়। তিনি কখনও অন্যায়ের সাথে আপোষ করেননি। অন্যদিকে জনাব মারুফ ব্যবসা করে অনেক সম্পদের মালিক হয়েছেন। তিনি তাঁর জীবনের সকল বিষয়ে আল-কুরআন ও সুন্নাহ থেকে উৎসারিত মাসলা-মাসায়েলের তোয়াক্কা করেন নি।
ক. ইমাম আহমদ বিন হাম্বল কত হিজরিতে জন্মগ্রহণ করেন? ১
খ. ‘শয়তানের নিকট হাজার আবিদের চেয়েও একজন ফকিহ বেশি শক্তিশালী।’ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব জাবেদের সাথে কোন বিখ্যাত মনীষীর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব মারুফের কর্মকাণ্ডের শেষ পরিণতি বিশ্লেষণ কর। ৪
১১) জনাব রাকিব ও শাহিন দু বন্ধু। তারা ইসলামের বিভিন্ন আচার-অনুষ্ঠান সম্পর্কে আলোচনা করছিল। রাকিব বলল, ইসলামের মানুষের মাঝে সহানুভূতি, সাম্য ও ভ্রাতৃত্ব সৃষ্টির জন্য বিশেষ একটি ইবাদত আছে, যা পাপ-পুণ্যের মাঝে ঢালস্বরুপ। শাহিন বলল, বন্ধু! মানুষের মাঝে আর্থিক সমতা ও ভারসাম্য আনার জন্যও একটি ইবাদত আছে, যাকে ইসলামের সেতুবন্ধন বলা হয়েছে।
ক. ‘সালাত’ শব্দের অর্থ কী? ১
খ. ‘আল-মারয়ু আলা দ্বীনি খালিলীহী’ হাদিসের ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব রাকিব কোন ইবাদতের প্রতি ইঙ্গিত করেছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব শাহিনের বক্তব্যে কী ফুটে উঠেছে? এর অর্থনৈতিক প্রভাব বিশ্লেষণ কর। ৪